



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা  
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

Phone : 9553637  
dgmpd1@krishibank.org.bd  
www.krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৪)/২০১৭-২০১৮/ ৪৪৪৪  
সকল কর্মকর্তা/কর্মচারী  
বাংলাদেশ কৃষি ব্যাংক

তারিখ : ১৩.০২.২০১৮ ইং

**বিষয় : মানবিক সাহায্যের আবেদন ।**

প্রিয় মহোদয়


উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, কালিহাতী শাখা, টাঙ্গাইল এর সাবেক কর্মকর্তা (পেনশন ভোগরত) জনাব মোস্তফা আহমেদ (এম-১১৭৩) মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবরে মানবিক সাহায্যের জন্য আবেদন করেছেন ।

০২। জনাব মোস্তফা আহমেদ (এম-১১৭৩)-এর স্ত্রী জনাব আনোয়ারা কিডনী রোগসহ অন্যান্য জটিল রোগে ভুগছেন । তিনি স্থানীয় চিকিৎসকের অধীনে দীর্ঘদিন চিকিৎসা গ্রহণ করেন । সম্প্রতি স্বাস্থ্যের অবনতি ঘটলে টাঙ্গাইল সদর হাসপাতালের পরামর্শে রুগীকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয় । সেখানে ১৫-০৮-২০১৭তারিখ হতে ২৯-০৮-২০১৭ ইং তারিখ পর্যন্ত চিকিৎসাধীন থাকার কারণে টাকার অভাবে চিকিৎসা অসম্পূর্ণ রেখেই বাড়ীতে ফিরে যান । চিকিৎসার জন্য ইতোমধ্যে বসত বাড়ীর পাঁচ শতাংশ জায়গাসহ অন্যান্য সহায় সম্বল বিক্রি করে দেন । বর্তমানে সংশ্লিষ্ট কর্মকর্তার স্ত্রী টাঙ্গাইল মেডিকো হাসপাতালের কিডনী বিভাগের ডাক্তারের চিকিৎসাধীন রয়েছেন । আবেদনকারী কর্মকর্তা পেনশন ভোগরত থাকায় প্রাপ্য পেনশনের স্বল্প পরিমাণ টাকা দ্বারা স্ত্রীর এই ব্যয়বহুল চিকিৎসা চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছেনা বিধায় সংশ্লিষ্ট কর্মকর্তা তার আর্থিক অস্বচ্ছলতার বিষয়টি উল্লেখপূর্বক বিকেবি পরিবারের একজন সদস্য হিসেবে মানবিক কারণে তার স্ত্রীর চিকিৎসার জন্য আর্থিক সাহায্য কামনা করেছেন ।

০৩। এমতাবস্থায়, জনাব মোস্তফা আহমেদ (এম-১১৭৩) এর স্ত্রীর চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, এলেন্সা শাখা, টাঙ্গাইল এ পরিচালিত তার সঞ্চয়ী হিসাব নং-১৩৮৩৫ -এ ১ (এক) দিনের মধ্যাহ্ন ভোজন ভাতা (লাঞ্চ) অথবা যার যা সাধ্যমত আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে অনুরোধ করা হলো ।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত

  
( এম,এ, রউফ ভূঁইয়া )  
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।  
মানবিক সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।

০২। ব্যবস্থাপক, বিকেবি, এলেন্সা শাখা, টাঙ্গাইল ।

০৩। জনাব মোস্তফা আহমেদ (এম-১১৭৩), কর্মকর্তা (পেনশন ভোগরত) বিকেবি, কালিহাতী শাখা, টাঙ্গাইল ।

০৪। নথি/অফিস নথি ।